কোনো ব্যক্তি অন্য কাউকে তার জায়গা থেকে উঠিয়ে দিয়ে সেখানে বসবে না, বরং তোমরা জায়গা প্রশস্ত করো ও নড়ে-চড়ে জায়গা করে বসো।

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফু হিসেবে বর্ণিত, তিনি বলেন, “কোনো
ব্যক্তি অন্য কাউকে তার জায়গা থেকে উঠিয়ে দিয়ে সেখানে যেন অবশ্যই না বসে, বরং তোমরা জায়গা প্রশস্ত করো ও নড়ে-চড়ে জায়গা করে বসো।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

মজলিশের আদবসমূহ থেকে দু’টি আদব হাদীসটিতে আলোচনা করা হয়েছে। প্রথম: যে ব্যক্তি কোনো মজলিশে প্রথমে গিয়ে বসেছে তাকে উঠিয়ে দিয়ে তার স্থানে বসা কোনো ব্যক্তির জন্য হালাল নয়। দ্বিতীয়: উপস্থিত লোকদের জন্য ওয়াজিব হলো তারা আগত ব্যক্তির জন্য প্রসস্ত করে দিবে যাতে তাদের মাঝে তার জন্য স্থান পাওয়া যায়। আল্লাহ বলেন, হে ঈমানদারগণ! যখন তোমাদের বলা হয়, তোমরা মজলিশের মধ্যে জায়গা করে দিতে তোমরা তাই কর। আল্লাহ তোমাদের জন্য জায়গা করে দিবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/5350